# Sucovil

**Vildagliptin 50 mg**

**Presentation**

**Sucovil Tablet:** Each film coated tablet contains Vildagliptin INN 50 mg.

**Description**

Vildagliptin is a potent and selective dipeptidyl-peptidase-4 (DPP-4) inhibitor that improves glycemic control by rapid and complete inhibition of DPP-4 activity. In patients with type 2 diabetes, administration of Vildagliptin inhibits the DPP-4 enzyme activity for a period of 24 hours.

**Indication**

**Sucovil** is indicated as an adjunct to diet and exercise to improve glycemic control in patients with type 2 diabetes mellitus.

- ❒ As monotherapy
- ❒ As dual combination with Metformin, a Sulphonylurea, a Thiazolidinedione and insulin when diet, exercise and a single antidiabetic agent do not result in adequate glycemic control.

**Dosage and Administration**

The recommended dose of **Sucovil** is-

- ❒ 50 mg or 100 mg daily for monotherapy.
- ❒ 50 mg twice daily (morning and evening) when used in dual combination with Metformin or a Thiazolidinedione;
- ❒ 50 mg once daily in the morning when used in dual combination with a Sulphonylurea.

**Sucovil** may be taken with or without a meal. No dosage adjustment is required in the elderly or in patients with mild renal impairment.

**Contraindication**

Vildagliptin is contraindicated in patients with Hypersensitivity to the active substance or to any of the excipients & Patients with type 1 diabetes.

**Side effect**

The most common side effects are nausea, constipation, peripheral edema, weight gain, headache, tremor, asthenia and dizziness.

**Precaution**

- ❒ Vildagliptin is not a substitute for insulin in insulin-requiring patients.
- ❒ Should not be used in patients with type 1 diabetes or for the treatment of diabetic ketoacidosis.
- ❒ Liver function should be monitored before treatment and every 3 months for first year and periodically thereafter.
- ❒ Should be used with caution in patients with heart failure.

**Drug Interaction**

As a result of studies, no clinically relevant interactions with other oral antidiabetics (glibenclamide, pioglitazone and metformin), amlodipine, digoxin, ramipril, simvastatin, valsartan or warfarin were observed after co-administration with Vildagliptin.

**Use in Pregnancy & Lactation**

**Pregnancy:** There are no adequate data on the use of Vildagliptin in pregnant women.So, **Sucovil** should not be used during pregnancy.

**Lactation:** It is not known whether Vildagliptin is excreted in human milk. Vildagliptin should not be administered during lactation.

**Overdose**

Dose up to 200 mg is well tolerated. At 400 mg, muscle pain, mild & transient paresthesia, fever, edema and transient increase in lipase levels may occur. At 600 mg, edema of the feet & hands and increase in creatine phosphokinase, aspartate aminotransferase, C-reactive protein & myoglobin may occur.

**Storage**

Store in a cool, dry place & Keep away from light. Keep out of reach of the children.

**Commercial Pack**

**Sucovil Tablet:** Each box contains 2x10 tablets in Alu-Alu blister strips.

*Manufactured by:*

Globe

**Globe Pharmaceuticals Ltd.**

Noakhali, Bangladesh.

# সুকোভিল

**ভিল্ডাগ্লিপটিন ৫০ মিগ্রা**

**উপস্থাপন**

**সুকোভিল ট্যাবলেট :** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে ভিল্ডাগ্লিপটিন আইএনএন ৫০ মিগ্রা।

**বর্ণনা**

ভিল্ডাগ্লিপটিন একটি শক্তিশালী এবং সিলেকটিভ ডাইপেপটাইডাইল পেপটাইডেজ-৪ (ডিপিপি-৪) প্রতিরোধক যা দ্রুত এবং পরিপূর্ণভাবে ডিপিপি-৪ এর ক্রিয়াকে রোধ করার মাধ্যমে গ্লুকোজ নিয়ন্ত্রণে আনে। টাইপ ২ ডায়াবেটিস রোগীদের ক্ষেত্রে ভিল্ডাগ্লিপটিন ২৪ ঘণ্টা পর্যন্ত ডিপিপি-৪ এনজাইম এর কার্যকারিতা বন্ধ রাখে।

**নির্দেশনা**

টাইপ-২ ডায়াবেটিস মেলিটাস রোগীদের গ্লুকোজ নিয়ন্ত্রনের জন্য খাদ্যাভ্যাস পরিবর্তন ও ব্যায়ামের সাথে **সুকোভিল** নির্দেশিত।

- ❒ একক চিকিৎসা হিসাবে।
- ❒ যখন খাদ্যাভ্যাস পরিবর্তন, ব্যায়াম এবং এন্টিডায়াবেটিক ওষুধ এককভাবে পর্যাপ্ত গ্লুকোজ নিয়ন্ত্রণ করতে পারে না তখন সমন্বিতভাবে মেটফরমিন, সালফোনাইল ইউরিয়া, থায়াজোলিডিনডায়োন এবং ইনসুলিনের সাথে নির্দেশিত।

**মাত্রা ও ব্যবহারবিধি**

**সুকোভিল** এর নির্দেশিত মাত্রা-

- ❒ একক চিকিৎসার ক্ষেত্রে : দৈনিক ৫০ মিগ্রা অথবা ১০০ মিগ্রা।
- ❒ সমন্বিত চিকিৎসার ক্ষেত্রে: মেটফরমিন বা থায়াজোলিডিনডায়োনের সাথে ব্যবহার করলে ৫০ মিগ্রা করে দিনে দুইবার (সকালে এবং রাতে)।
- ❒ সালফোনাইল ইউরিয়ার সাথে ব্যবহারের ক্ষেত্রে দিনে একবার ৫০ মিগ্রা করে সকালে সেবন করতে হবে।

**সুকোভিল** খাবারের আগে অথবা পরে সেবন করা যায়। বয়স্ক রোগী অথবা যেসব রোগীর মৃদু রেনাল সমস্যা আছে তাদের ক্ষেত্রে **সুকোভিল** এর মাত্রা পরিবর্তন করতে হয় না।

**প্রতিনির্দেশনা**

যে সব রোগীদের ভিল্ডাগ্লিপটিন এবং এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল এবং টাইপ ১ ডায়াবেটিস রয়েছে তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া গুলোর মধ্যে বমি বমি ভাব, কোষ্ঠ-কাঠিন্য, পেরিফেরাল ইডিমা, ওজন বৃদ্ধি, মাথা ব্যথা, কাঁপুনি, দুর্বলতা ও ঝিমুনিভাব অন্যতম।

**সতর্কতা**

- ❒ যেসব রোগীদের ইনসুলিন প্রয়োজন হয় তাদের ক্ষেত্রে ভিল্ডাগ্লিপটিন ইনসুলিনের বিকল্প নয়।
- ❒ টাইপ-১ ডায়াবেটিসের রোগীদের ক্ষেত্রে অথবা ডায়াবেটিক কিটোএসিডোসিসের চিকিৎসায় ব্যবহার্য নয়।
- ❒ চিকিৎসা শুরুর আগে এবং প্রথম বছরে প্রতি তিন মাস পরপর ও পরবর্তী সময়ে নির্দিষ্ট সময় পরপর লিভারের কার্যকারিতা পর্যবেক্ষণ করতে হবে।
- ❒ হৃদরোগে আক্রান্ত রোগীদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

**ওষুধের আন্তঃক্রিয়া**

পরীক্ষিত ফলাফল থেকে প্রমাণিত হয়েছে যে, ভিল্ডাগ্লিপটিনের সাথে অন্যান্য এন্টিডায়াবেটিক ওষুধ (গ্লিবেনক্লামাইড, পায়োগ্লিটাজোন এবং মেটফরমিন) এমলোডিপিন, ডিগক্সিন, র‍্যামিপ্রিল, সিমভাস্টাটিন, ভ্যালসারটান অথবা ওয়ারফেরিনের আন্তঃক্রিয়া হয় না।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার**

**গর্ভাবস্থায়:** গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে ভিল্ডাগ্লিপটিন ব্যবহার প্রতিষ্ঠিত হয়নি। সুতরাং গর্ভাবস্থায় **সুকোভিল** ব্যবহার করা থেকে বিরত থাকা উচিৎ।

**স্তন্যদানকালে:** ভিল্ডাগ্লিপটিন মাতৃদুগ্ধে নিঃসৃত হয় কিনা তা জানা যায়নি। এজন্য ভিল্ডাগ্লিপটিন স্তন্যদানকালে ব্যবহার করা উচিত নয়।

**মাত্রাধিক্য**

২০০ মিগ্রা পর্যন্ত মাত্রা সুসহনীয়। ৪০০ মিগ্রা মাত্রায় মাংসপেশীর ব্যথা, চামড়ায় মৃদু ও ক্ষণস্থায়ী সুঁচ ফোটানো অনুভূতি, জ্বর, ইডিমা এবং লাইপেজের ক্ষণস্থায়ী বৃদ্ধি ঘটতে পারে। ৬০০ মিগ্রা মাত্রায় পা ও হাতের ইডিমা এবং ক্রিয়েটিন ফসফোকাইনেজ, অ্যাসপারটেট অ্যামিনোট্রান্সফারেজ, সি-রিঅ্যাকটিভ প্রোটিন ও মায়োগ্লোবিনের বৃদ্ধি ঘটতে পারে।

**সংরক্ষণ**

আলো থেকে দূরে, ঠান্ডা ও শুকনো স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক**

**সুকোভিল ট্যাবলেট :** প্রতিটি বাক্সে আছে ২X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার স্ট্রীপে।

*প্রস্তুতকারকঃ*

Globe

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**

নোয়াখালী, বাংলাদেশ